# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-১৫২/২০১৭/১৫৬৫০

তারিখ: ২৬ মাঘ ১৪৩২বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

চর আলেকজান্ডার কামিল মাদরাসা, রামগতি, লক্ষীপুর-এর কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৪.০৬.২০২৫ খ্রিঃ দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্রাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ স্তরের নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো ঃ

শর্তসমূহ ঃ

১. সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে মাদরাসার প্রত্যেক শ্রেণিতে বিশেষ করে ফাজিল ও কামিল স্তরে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে। একই সাথে প্রতিটি শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের দৈনন্দিন উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. আরবি ভাষা, ব্যাকরণ ও বিশুদ্ধ ভাবে পবিত্র কুরআন তিলাওয়াত এবং আরবি কথন, লিখন, শ্রবণ ও বুঝার ক্ষেত্রে শিক্ষার্থীদেরকে দক্ষ করার বিষয়ে আরো জোর দিতে হবে;
৩. মাদরাসার সকল জমির খারিজ/নামজারি আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে সম্পন্ন করে খারিজের কপি ও খাজনা পরিশোধের হালনাগাদ কপি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে।
৪. সরকারি/নিজস্ব অর্থায়নে মাদরাসার সকল ভবন সংস্কার/মেরামতসহ সৌন্দর্য বর্ধন করতে হবে।
৫. মাদরাসার নিজস্ব দোকান/পুকুরসহ অন্যান্য ভাড়ার চুক্তিপত্র একসাথে ০৩(তিন) বছরের বেশি করা যাবে না। ইতোমধ্যে ০৩ (তিন) বছরের বেশি করে থাকলে দ্রুতসময়ে তা বাতিল করে পুনরায় চুক্তি করতে হবে। ভাড়া/এককালীন প্রদেয় অর্থ বর্তমান বাজারদর বিবেচনা করে নির্ধারণ করে আদায় করতে হবে।
৬. মাদরাসার শিক্ষক ও কর্মচারীদের সরকারি/স্ব-উদ্যোগে/ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
৭. গ্রন্থাগারে প্রতি শিক্ষাবর্ষে কমপক্ষে ৭০টি করে বিভিন্ন তথ্য-প্রযুক্তি ও রেফারেন্স বই ক্রয়/সংগ্রহ করতে হবে এবং দৈনন্দিন গ্রন্থাগার ব্যবহার নিশ্চিত করতে হবে।
৮. মাদরাসার অফিসিয়াল কোনো কাজেই ফ্লুইড ব্যবহার করা যাবে না এবং আয়-ব্যয়ের হিসাব ছাপাকৃত রশিদে থাকতে হবে;
৯. বিল, ভাউচার, ক্যাশ বই সঠিকভাবে লিপিবদ্ধ করে সকল আর্থিক খরচ উপ-কমিটির সুপারিশসহ গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং যাবতীয় আয়-ব্যয় সরকারি বিধি-বিধান অনুযায়ী পরিপালন করতে হবে;
১০. মাদরাসার যাবতীয় আয়-ব্যয় নিম্নোক্ত উপ-কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে;
(ক) অর্থ ও ক্রয় উপ-কমিটি, (খ) অভ্যন্তরীণ অডিট উপ-কমিটি, (গ) উন্নয়ন উপ-কমিটি, (ঘ) বেতন ও ফি আদায় উপ-কমিটি, (ঙ) শিখন অর্জন মূল্যায়ন উপ-কমিটি;
১১. মাদরাসায় নিম্নলিখিত রেজিস্টারসমূহ অবশ্যই রাখতে হবে এবং সে অনুযায়ী অফিস পরিচালনা করতে হবে;
(ক) সাধারণ ক্যাশ বহি; (খ) সাবসিডিয়ারী তহবিল রেজিস্টার; (গ) স্টক রেজিস্টার; (ঘ) ভর্তি বহি; (ঙ) শিক্ষক এবং কর্মচারী হাজিরা খাতা; (চ) ছুটি রেজিস্টার; (ছ) শিক্ষার্থী হাজিরা খাতা; (জ) বেতন প্রদান বহি; (ঝ) ছাত্র বৃত্তি প্রদান বহি; (ঞ) শিক্ষার্থী বেতন আদায় বহি; (ট) শিক্ষার্থী বদলীপত্র রেজিস্টার; (ঠ) পরীক্ষার ফলাফল বহি; (ড) পরিদর্শন বহি; (ঢ) নোটিশ বহি; (ণ) পরিচালনা কমিটির সভার কার্যাবলী বহি; (ত) চেক বহি রেজিস্টার; (থ) স্থায়ী সম্পদের রেজিস্টার; (দ) শিক্ষক এবং কর্মচারী নিয়োগ রেজিস্টার; (ধ) শিক্ষক/কর্মচারীর ব্যক্তিগত ফাইল; (ন) অন্যান্য রেজিস্টারসমূহ।
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের আবেদন করতে হবে;
১৩. মাদরাসায় ফুল গাছ লাগানোসহ শ্রেণিকক্ষ ও আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে
09/02/2026
(মোঃ গিয়াস উদ্দীন)
মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
চর আলেকজান্ডার কামিল মাদরাসা
ডাকঘর: চর আলেকজান্ডার, উপজেলা: রামগতি, জেলা: লক্ষীপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-১৫২/২০১৭/১৫৬৫০(৭)

তারিখ: ২৬ মাঘ ১৪৩২বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৬খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. একান্ত সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, ইআবি (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, চর আলেকজান্ডার কামিল মাদরাসা, ডাকঘর: চর আলেকজান্ডার, উপজেলা: রামগতি, জেলা: লক্ষীপুর।
৭. অফিস নথি।

09/02/26
(ছায়েদ আহাম্মদ মজুমদার)
সেকশন অফিসার
মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২